REG. NO. C. 853

জঙ্গিপুর

# সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

### বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

০ যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৫ম বর্ষ } রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১১ই ভাদ্র বুধবার ১৩২৫, ইংরাজী 28th August 1918. { ১৪শ সংখ্যা


# কেশরঞ্জন তৈল

মনে রাখিবেন—কেশরঞ্জন আপনারই জন্য!



(১) যদি আপনি আপনার দৈনিক নির্দ্দিষ্ট কার্য্যে মনঃসংযোগ করিতে না পারেন, তাহা হইলে মনে রাখিবেন, কেশরঞ্জনই তাহার প্রতিকার করিবে।

(২) আপনি যদি পাঠার্থী বা পরীক্ষার্থী হন, যদি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষাকাল সমুপস্থিত হয়, যদি এমন আপনার দিবারাত্র মানসিক পরিশ্রম প্রয়োজন হয়, তাহা হইলে, নিত্য কেশরঞ্জন মাখিয়া স্নান করিবেন।

(৩) যদি বুঝেন, আপনার কেশমূল শিথিল হইয়াছে, মাথার চুল উঠিয়া যাইতেছে টাক পড়িবার সূত্রপাত হইয়াছে, তাহা হইলে প্রথম হইতেই আমাদের কেশরঞ্জন ব্যবহার করুন।

(৪) যদি চাকুরী উপলক্ষে আপনাকে সর্ব্বদা হিসাবের কার্য্যে ব্যস্ত থাকিতে হয়, যদি দিন রাত অঙ্কপাতের জন্য আপনার মস্তিষ্কে গোলমাল উপস্থিত হয়, তাহা হইলে, মাথা স্নিগ্ধ রাখিবার জন্য আমাদের কেশরঞ্জন ব্যবহার করুন।

(৫) যদি পূজার সময় প্রিয়তমাকে প্রেমোপঢৌকন দিতে চান, যদি পুত্র-কন্যা ও ভগিনী প্রভৃতিকে সামান্য উপহারে সুখী করিতে চান, তাহা হইলে, তাহাদিগকে এক শিশি কেশরঞ্জন তৈল ক্রয় করিয়া দিন। কেশরঞ্জনের পারিজাত গন্ধে মোহিত হইয়া তাঁহারা আপনাকে ধন্যবাদ দিবেন।

| | | | |
|---|---|---|---|
| এক শিশির মূল্য | ... ১৲ এক টাকা। | মাশুলাদি ... | ।৵০ আনা। |
| তিন শিশির মূল্য | ... ২।০ আড়াই টাকা। | মাশুলাদি ... | ৸৵০ আনা। |

## অনেক ভাবিয়াছেন—আর কেন?

ভ্রমে পড়িয়া মানুষ কিনা করে? কিন্তু তা বলিয়া কি দিন রাতই ভাবিতে হইবে! দিনরাতই রোগ চিন্তায় নিজেকে দহিতে হইবে! প্রতিকারের সহজ পথ যখন রহিয়াছে তখন আর ভাবনা কেন! সত্য বটে উপদংশ অতি লজ্জাকর ব্যাধি! ইহা অতিশয় স্পর্শাক্রামক ও ইহার যন্ত্রণাও অবর্ণনীয়। কিন্তু ইহার প্রতিকারের ব্যবস্থাও অতি অদ্ভুত। আমাদের অমৃতবল্লী-কষায় নামক অব্যর্থ রক্ত-পরিষ্কারক সালসা সেবন করুন। ইহা মুখ্য ও গৌণ উপদংশের একমাত্র প্রতিষেধক—অব্যর্থ মহৌষধ। বিনা লজ্জায়, বিনা সঙ্কোচে, গৃহের নির্জ্জন কক্ষে ঔষধ সেবন করিয়া অতএব একটা জীবন রোগের হস্ত হইতে মুক্তিলাভ করিবেন—আনন্দের কথা নয় কি? অপরন্তু ইহা ব্যবহারে পারদ যেমন জনিত সর্ব্ববিধ কষ্ট যায়নি ও স্নায়বিক দৌর্ব্বল্য সম্পূর্ণ নিরাময় হয়।

| | | |
|---|---|---|
| এক শিশির মূল্য | ... | ১৷৷০ দেড় টাকা। ডাক-মাশুল ও প্যাকিং ৷৵০ এগার আনা। |
| একত্রে তিন শিশির মূল্য | ... | ৩৷৷০ তিন টাকা বার আনা। |
| ডাক মাশুল ও প্যাকিং | ... | ১৷৵০ এক টাকা বার আনা। |
| এক ডজন (১২ শিশি) | ... | ১৫৲ পনর টাকা; ডাক-মাশুল ও প্যাকিং স্বতন্ত্র লাগিবে। |

গবর্ণমেণ্ট-মেডিক্যাল-ডিপ্লোমাপ্রাপ্ত,
শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সেনগুপ্ত কবিরাজের
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

নূতন ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।

১ মাত্রায় পরিচয়! এক দিবসে জ্বালাক্ষয়!! এক সপ্তাহে নিরাময়!!!

মেহের জড় "গনোকোকাই" জড় নষ্ট না হইলে রোগ সারে না। হিলিংবাম এ জড়-নষ্টকর উপাদানে প্রস্তুত, সেই জন্য কেবল মাত্র ইহাই মেহের মহৌষধ। মেহ রোগ আজ কাল শতকরা ৯৫ জনের হয়। কিন্তু এই রোগ-রাক্ষসের সমুচিত ঔষধ "হিলিংবাম"। আর বাজে ঔষধ সেবন করিয়া শক্তি অর্থ ও সামর্থ্য নষ্ট করিবেন না। আমাদের ঔষধ ২৩ বৎসরের অধিক পুরাতন।

আজ কাল ভাল ঔষধের 'জেল' হইয়া থাকে, আমাদের হিলিংবামও এ বিষয়ে ছাড় পায় নাই। তাই হিলিংবাম ছাড়া অনেক "বাম" আজ কাল বাজারে দেখা দিয়াছেন। এই সকল অসার ঔষধ হইতে সাবধান হইবেন।

মেহ রোগ কি, তাহা বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইগুলি—প্রস্রাবের জ্বালা যন্ত্রণা, প্রস্রাব সরল না হওয়া, বার বার বেগ হওয়া, কিন্তু প্রস্রাব খোলসা না হইয়া মূত্রনালী টন্ টন্ করা, রক্ত পূঁজ রক্ত পড়িগোলার মত বা ঘোলা প্রস্রাব হওয়া, কাজে সাদা লাল দাগ-লাগা, মাথাধরা, মাথাঘোরা, অজীর্ণ, কাজে মন না লাগা, কোষ্ঠ কাঠিন্য হাত-পা-বা টাটান, গাঁট কন কন করা, কিছু মনে না থাকা, রাত্রে ভাল ঘুম না হওয়া, অল্প উত্তেজনা, এমন কি প্রস্রাবসহ বা কোষ্ঠ ত্যাগকালে ধাতুক্ষয়, স্বপ্নদোষ, আংশিক পুরুষত্বহানি ইত্যাদি।

হিলিংবাম যে কত শত সহস্র প্রশংসা পত্র পাইয়াছে তাহা শুনিয়া শেষ করা যায় না। ধনী নির্ধন স্ত্রী পুরুষ সকলেই ঔষধের অত্যাশ্চর্য্য উপকারিতা দেখিয়া প্রশংসা করিতে বাধ্য হইয়াছেন। কিন্তু এ সকল বাদ দিলেও নিম্নে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন।

### কেবল কয়েকজন ডাক্তারের নাম।

(১) কর্ণেল কে, পি, গুপ্ত, (আই, এম, এস,) এম, এ, এম, ডি,—এফ, আর, সি, এস, —পি, এস, ডি—এস, এস, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস,) এম, ডি, সি, এম; (৩) মেজর এস, পি, সিংহ, (আই, এম, এস,) এম, আর, সি, পি এম, আর, সি, এস; (৪) ডাঃ এস, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ই, এস, পুগুহ এম, ডি; (৭) আর মনিয়ার এম, বি, সি, এম; (৮) ডাঃ ডি, ইউ, আমেদ এম, বি, সি, এম, এল, এস, এ; (৯) ডাঃ এ, ফারমী, এল, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ জি, সি, বেজবড়ুয়া, এল, আর, সি, পি, এল, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, আর, সি, পি, এণ্ড এস ইত্যাদি।

হিলিংবাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য বড় শিশি ২৷৷০; ছোট শিশি ১৷৵০; ভিঃ পিঃতে প্যাকিং ডাক খরচাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

একাধারে

যশ, ধর্ম্ম, অর্থ ও

স্বাস্থ্য

লাভ করিতে চান কি?

বাঙ্গালী পলটনে

সত্বর যোগদান করুন!

ভর্ত্তি হইবা মাত্র

৫০৲ টাকা বখশিস।

৬০৲ মূল্যের পোষাক।

মাহিনা।

করাচীতে রংরুট অবস্থায় মোট ... ১৫৲

„ সৈন্য অবস্থায় মোট ... ১৬৷৹

মেসোপটেমিয়া বা ইষ্ট আফ্রিকায় ২২৲

খোরাক পোষাক সরকার দিবেন।

ইহা ছাড়া "বেঙ্গল রেজিমেণ্ট কমিটী" আবশ্যক বোধ করিলে পরিবার ভরণ-পোষণের জন্যও

অতিরিক্ত সাহায্য করেন।

---

আপনি কিঞ্চিৎ

ইংরাজী জানেন?

তবে সিগ্নেলার হইতে পারেন।

সিগ্নেলার হইলে উক্ত মাহিনার উপরে ৩৲ টাকা হইতে ১১৷৹ টাকা বেশী

---

ফিরিয়া আসিলে চাকুরীর খুব সুবিধা।

সত্বর স্থানীয় সবডিভিসনাল অফিসারের নিকট আবেদন করুন।

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

১১ই ভাদ্র বুধবার, ১৩২৫ সাল।

## জঙ্গিপুরের বর্ত্তমান অবস্থা।

অতি বৃষ্টি। গত সমস্ত সপ্তাহ ধরিয়া অবিরাম মুষলধারে বারিপাত হইয়াছে। এই কয়েকদিন যাবৎ ঘরের বাহির হওয়া এক প্রকার অসম্ভব হইয়া উঠিয়াছিল। কাঁচা ঘরের ত কথাই নাই কত পাকা ঘর ভূমিসাৎ হইয়াছে। রঘুনাথগঞ্জ টাউনের পুলিশের আউট পোষ্টের কিয়দংশ ভাঙ্গিয়া পড়িয়াছে। রেল লাইন স্থানে স্থানে ভাঙ্গিয়া যাওয়ায় ট্রেণ ও ডাক সময়মত আসিতে পারে না। বি, এ, কে, রেলের টেণ তিলডাঙ্গা হইতে যাতায়াত করিতেছে। বারহারোয়া ও তিলডাঙ্গার মধ্যে রেললাইন ডুবিয়া গিয়াছে। যাহারা মজুর খাটিয়া জীবিকা নির্ব্বাহ করে খাটুনি অভাবে তাহাদের অনেকের অন্ন জুটে নাই। গৃহস্থগণের অনেকে জ্বালানি কাষ্ঠের অভাবে চা'ল ডাল থাকা সত্বেও খাইতে পায় নাই। বৃদ্ধেরা বলিতেছেন তাঁহারা এমন বৃষ্টি দেখেন নাই। জঙ্গিপুর মহকুমা অফিসের জল মাপা যন্ত্রে দেখা গিয়াছে গত ২২শে আগষ্ট হইতে ২৬শে আগষ্ট পর্য্যন্ত ১৫·৯৫ ইঞ্চ অর্থাৎ প্রায় ১৬ ইঞ্চ জল হইয়াছে। ভাগীরথী এই বৃষ্টিতেই পূর্ণ কলেবর প্রাপ্ত হইয়াছেন।

---

খাদ্য দ্রব্য। চাউল টাকায় ।৹৫৹ পৌনে এগার সের। চৈতালির দরও খুব চড়া। মধ্যে মেছুনিরা ধর্ম্মঘট করায় বাজারে মৎস্যাভার হইয়াছিল। এই বাদলার পর একদিন ।৹ আনা সের মাছ পাওয়া গিয়াছে। মাছের এ দর ক্ষণস্থায়ী। ঝিঙে ৴৹ আনা সের। তরকারীর আমদানী খুব কম।

---

বস্ত্র। বস্ত্র অক্রেয়। এখনও পূর্ণ উলঙ্গ লোক না দেখিলেও অর্দ্ধ উলঙ্গ প্রত্যহই নয়ন গোচর হইতেছে। বাবুরা এখনও পাড় পছন্দ করেন। হাপ প্যাণ্ট ও লুঙ্গি এখন সভ্যতার অঙ্গ হইয়াছে। প্যাণ্টের স্থানে হাপ প্যাণ্ট হইয়াছে; কাপড়ের দর দিন দিন যেরূপ চড়িতেছে তাহাতে বোধ হয় কোয়া-টার প্যাণ্ট শীঘ্রই চলিবে।

---

রোগ বালাই। সমর জ্বর এক্ষণে ম্যালেরিয়া মূর্ত্তি ধারণ করিয়াছেন। ঘর ঘর দুএক জন রোগী না থাকা নয়। সুস্থকায় সবল ব্যক্তি এ অঞ্চলে অতি বিরল। কুইনাইন ম্যালেরিয়ার একমাত্র ঔষধ কিন্তু তাহার মূল্য বৃদ্ধি হওয়ায় কাঙ্গালের পক্ষে ঔষধ কেনা কষ্টকর।

---

মিউনিসিপ্যাল ইলেক্সন। আগামী ২৮শে সেপ্টেম্বর জঙ্গিপুর মিউনিসিপালিটীর কমিশনর বাছাই করিবার দিন ধার্য্য হইয়াছে। আগামী ৫ই সেপ্টেম্বর পদপ্রার্থীগণের আবেদনের শেষ দিন। করদাতাগণ! পায়খানা সাফ, রাস্তা সাফ, ইত্যাদির জন্য যাঁহাদের নিকট তোমরা ভেউ ভেউ করিতে, তাঁহাদের অনেকেরই গুজরতে খোদ তোমাদের দ্বারস্থ হইতে বিলম্ব নাই। তিন বছর ছিল—"নাওকা উপর গাড়ী" এই কয়দিন "গাড়ীকা উপর নাও"।

---

টেলিগ্রাফের দর চড়িল! আগামী ১লা সেপ্টেম্বর হইতে সাধারণ টেলিগ্রাফে ৷৹ আনার স্থলে ৸৹ আনা ও অতিরিক্ত প্রত্যেক কথায় ৲১৹ পয়সার স্থলে এক আনা লাগিবে। জরুরী তারে ১৲ টাকার স্থলে ১৷৹ টাকা ও প্রত্যেক অতিরিক্ত কথায় ৴৹ আনার স্থলে ৵৹ আনা দিতে হইবে।

---

নোটের বাটা বন্ধ। কতকগুলি বদমাইস মতলবী লোক বিনা বাটায় নোট লইতে অস্বীকার করিয়া অশিক্ষিত বেচারীদের কাছে দু এক আনা আদায় করিয়া মতলব হাসিল করে। গত ৩রা জুলাই ব্যবস্থাপক সভার জনৈক সভ্য এ সম্বন্ধে প্রশ্ন উত্থাপন করিয়াছিলেন। সম্প্রতি গবর্ণমেণ্টের দপ্তর-খানা হইতে প্রকাশ করিবার জন্য আমরা একখানি পত্র পাইয়াছি তাহার মর্ম্ম এই :—

নোটের বাটা আদায় করিয়া কতিপয় বদলোক দুপয়সা লাভ করে তাহা সম্পূর্ণ বে-আইনী। গবর্ণমেণ্ট নিজের পাওনা গণ্ডা যখন নোটের পূর্ণ মূল্যে গ্রহণ করেন তখন প্রত্যেকেই উহা পূর্ণ মূল্যেই লইতে বাধ্য। এইরূপ বাটাওয়ালাদের দুরভিসন্ধিতে সকলেই বাধা প্রদান করিবেন এইরূপ আশা করা যায়। বাটাখোর সাবধান!

---

## প্রাপ্ত।

শ্রদ্ধেয় শ্রীযুক্ত জঙ্গিপুর সংবাদের সম্পাদক মহাশয় নিম্নলিখিত সংবাদটী আপনার কাগজে প্রকাশিত করিয়া বাধিত করিবেন :—

এবার সমরজ্বর বা জঙ্গীজ্বরের প্রাদুর্ভাব হইয়া সহর মফস্বলের অনেক লোক অনেক দিন হইতে কষ্ট ভোগ করিতেছে। ডেঙ্গুজ্বর কলিকাতা প্রভৃতি সহর হইতে নূতন উপাধি গ্রহণ করিয়া সিংহবিক্রমে আপন প্রতাপ প্রকাশ করিয়া বেড়াইতেছেন। তাহার হস্ত হইতে রেহাই পাইয়াও অনেকে মুক্ত পাইতেছে না। তিনি পরিত্যাগকালে তাঁহার জ্যেষ্ঠ ম্যালেরিয়ার হস্তে রুগীকে সমর্পণ করিয়া যাইতেছেন। ম্যালেরিয়ায় কবলিত হইয়া অনেকে প্রাণ হারাইতেছে এবং অনেকে নানাপ্রকার কষ্ট ভোগ করিয়া কায়ক্লেশে জীবিত আছে। মির্জ্জাপুরের দেড়ক্রোশ দক্ষিণে শীতলপাড়া গ্রামখানি ম্যালেরিয়ার একটী প্রধান আড্ডা হইয়াছে। এখানকার আবাল বৃদ্ধা বনিতা কেহই ম্যালেরিয়ার হস্তে নিষ্কৃতি পায় নাই। কোন কোন ঘরে এমন অবস্থা যে কাহারও মুখে জল দিবার লোকটী নাই। স্বভাবতঃই এখানকার লোক অর্থাভাবে এবং বস্ত্রের দুর্ম্মূল্যতার জন্য বিবধ কষ্ট ভোগ করিতেছে তদুপরি ম্যালেরিয়ার এই ভীষণ আক্রমণ। ডাক্তার ডাকা দূরে থাকুক বাজার হইতে কুইনাইন কিনিয়া রোগীর মুখে দিবে অনেকের এরূপ সঙ্গতি নাই। স্থানীয় দোকানদারেরা দেড় পয়সা মূল্যে একপ্রকার কুইনাইন ট্যাবলেট বিক্রয় করিতেছে কিন্তু তাহা এককালে ৫টা করিয়া খাইয়াও কিছুই বোঝা যায় না। তাহা কেবল চাউলের গুঁড়া বা খড়ি মাটীতে প্রস্তুত। পয়সা অভাবে লোকে ডিস্পেন্সরী আদি হইতে খাঁটী কুইনাইন খরিদ করিতেও পারিতেছে না লোকের দুর্দ্দশার একশেষ হইয়াছে। আমাদেব সদাশয় দয়ালু সবডিবিজনাল অফিসার মহোদয় এখানকার দরিদ্র প্রজাগণের প্রতি কৃপাদৃষ্টি করিয়া যদি সরকারী চেরিটেবল ডিস্পেন্সারী হইতে কুইনাইন সাহায্যের ব্যবস্থা করিয়া দেন তাহা হইলে দরিদ্র অসহায় প্রজাগণ প্রাণে রক্ষা পাইতে পারে। আমরা আশা করি আমাদের লোকপ্রিয় ডেপুটী বাবু এ সম্বন্ধে যথাবিহিত ব্যবস্থা করিয়া জনসাধারণকে চির বাধিত করিবেন।

শ্রীসৈয়দ নূরমহম্মদ, শীতলপাড়া।

# যুদ্ধের সংবাদ।

## মিষ্টার চার্চ্চহিল ও লর্ড ল্যানসডাউন।

—০—

লর্ড ল্যান্‌সডাউনের পত্রের উত্তরে মিষ্টার উইনষ্টন চার্চ্চহিল লিখিয়াছেন, 'এখনও আমরা এই মহাযুদ্ধে জয়লাভ করি নাই সত্য, কিন্তু আমাদিগকে জয়ী হইতেই হইবে। যাহারা হতাশ হইয়া কিম্বা স্বদেশদ্রোহিতা করিয়া কিছু বলিয়া বেড়ায় তাহাদের এটুই বিষয় বুঝাইবার উপায় নাই। যুদ্ধে জয়ী হওয়া ছাড়া আমরা অন্য কোন পথও অবলম্বন করিতে পারি, এই প্রকার ভুল চিন্তা আমরা যেন মনে স্থান না দিই। বর্ত্তমান অবস্থায় আসল কথা এই যে, শক্তির বাহিরের ঠাট্‌টা শত্রুদের থাকিলেও, সত্যকার শক্তিটা আমাদেরই হাতে। সত্য বটে এখন কাইসার কোটি কোটি ক্রতদাসের উপর যে প্রভুত্ব করিতেছে, সেইরূপ প্রভুত্ব যুদ্ধের অন্য কোন সময়ে তাহার ছিল না। জর্ম্মানীর প্রজারা আহার অভাবে ও আধপেটে খাইয়া যে কষ্ট পাইতেছে,—ইংরেজ প্রজার কষ্ট তাহার তিন ভাগের একভাগও নহে। যদি আমরা শক্ত হইয়া থাকিতে পারি, জর্ম্মানীকে হারিতেই হইবে। এ বৎসর জর্ম্মানদের তিনটি ভীষণ অনিষ্ট হইয়াছে, (১) ইংরাজ ও ফরাসীসৈন্যকে তাহারা যতবার আক্রমণ করিয়াছিল সে সমস্তই ব্যর্থ হইয়া গিয়াছে. (২) সবমেরিনের কার্য্যে প্রতিবন্ধক পড়িয়াছে এবং (৩) এত বেশী মার্কিনসৈন্য আসিয়া রণক্ষেত্রে পৌছিতেছে যে তাহাতে মিত্রশক্তির সৈন্যবল অচিরে অসম্ভব রকম বাড়িয়া যাইবে! ইহা ছাড়া আর একটী ব্যাপার এই যে মিত্রশক্তির আকাশযানের প্রভুত্ব বৃদ্ধি পাইয়াছে। সমস্ত পৃথিবী আজ জর্ম্মানীর বিরুদ্ধে। এখন জয়ের জন্য কেবল আমাদের অধ্যবসায় আবশ্যক। আসল কথাই তাই। বস্তুতঃ মার্কিন যখন সবেমাত্র যুদ্ধে নামিয়াছে, রুষিয়ার যখন দুর্দ্দশার অন্ত নাই এবং জর্ম্মানী যখন সত্য সত্যই অবসন্ন, কেবলমাত্র তাহার জয়ের বাহ্যিক আস্ফালন দেখিয়া যদি এখন আমরা সন্ধি করি, তাহা হইলে মিথ্যা পরাজয়ের কলঙ্কে বংশপরম্পরাক্রমে ইংরেজ জাতিকে কলঙ্কিত হইয়া থাকিতে হইবে। তবুও লর্ড ল্যান্‌সডাউন এই পথ অবলম্বন করিবার জন্য আমাদের নাছোড়বান্দা হইয়া অনুরোধ করিতেছেন।

চার্চ্চহিল শেষে বলেন যে, মার্কিনভ্রাতৃগণের সহিত আমাদের সমানতালে চলিতেই হইবে। এই যুদ্ধ শেষ করিতে হইলে আমাদের নিম্নলিখিত কয়েকটি পথ অবলম্বন করা নিতান্ত আবশ্যক,—(১) জর্ম্মানদের সম্পূর্ণভাবে পরাজিত করা চাই; (২) জর্ম্মানী যে নীতির অনুসরণ করিয়া অতি ভয়ানক ভয়ানক অন্যায় করিয়াছে, তাহাদের সেই নীতি একেবারে ত্যাগ করিতে হইবে, না হইলে জাতীয় মহাসমিতিতে তাহাদের স্থান দেওয়া হইবে না।

## আমেরিকার বিরাট আয়োজন।

মার্কিন যুক্ত প্রদেশের মহাসমিতির যে নয়জন সভ্য ইংলণ্ড পরিদর্শন করিয়া বেড়াইতেছেন তাঁহারা নিম্নলিখিত সংবাদ প্রচার করিয়াছেন:—

যতদিন না যুদ্ধ শেষ হয়, ততদিন মার্কিন সমানভাবে সাহায্য করিয়া যাইবে। যুক্তপ্রদেশে এখন সমর-উপযোগী বয়সের ২,০০,০০,০০০ লোক আছে এবং প্রতি বৎসর ১০,০০,০০০ দশ লক্ষের বেশী মার্কিন যুবক যুদ্ধের উপযোগী অর্থাৎ ২১ বৎসর বয়সপ্রাপ্ত হইতেছে। আমেরিকায় এত বেশী শস্য উৎপন্ন হয় যে আবশ্যক হইলে মার্কিনেরা ইংলণ্ড, ফ্রান্স ও ইটালীর অধিবাসীবৃন্দের ও সৈন্যদের পুরাদস্তুর আহার যোগাইতে পারে। অক্টোবরের পূর্ব্বেই ইউরোপ রণক্ষেত্রে ২০,০০,০০০ কুড়ি লক্ষ মার্কিন সৈন্য গিয়া পৌছিবে এবং যুক্তপ্রদেশে ১৫,০০,০০০ পনর লক্ষ সৈন্য শিক্ষা প্রাপ্ত হইবে তাহাদের বয়স ২১ হইতে ৩০ শর মধ্যে তাহারা শত্রুদের সর্ব্বাপেক্ষা ভাল সৈন্যদের সমকক্ষ। প্রতিদিন এই রকমের ১০,০০০ দশ হাজার সৈন্য রণক্ষেত্রের উদ্দেশে স্বদেশ হইতে যাত্রা করিতেছে। প্রতি সপ্তাহে আমেরিকার ৫৫,০০০ রাইফেল বন্দুক এবং ৫,০০০ কলের কামান তৈয়ারী হইতেছে। আমেরিকার গোলা তৈয়ারীর কারখানায় দিনে ৭,৬০,০০০ শেল গোলা তৈয়ারী হইতে পারে। নূতন ধরণের যে সমস্ত অস্ত্রশস্ত্র তৈয়ারী হইয়াছে, যথা বোমা আগুন ছুড়িবার যন্ত্র, বিষাক্ত গ্যাস, সে সমস্তই আমেরিকানরা পর্য্যপ্ত পরিমাণে সংগ্রহ করিয়াছে। তাহা ছাড়া আমেরিকায় ২৫,০০০ হাজার আকাশ যান তৈয়ারী হইতেছে। তাহাদের নির্ম্মাণকার্য্য আরম্ভ হইয়া গিয়াছে। যুক্তপ্রদেশে ১,০০,০০০ এক লক্ষ আকাশচারী আছে। মার্কিনে আকাশযান চালাইবার উপযোগী নূতন ধরণের যে সমস্ত মোটর তৈয়ারী হইয়াছে, ওজনের তুলনায় সেগুলি পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা শক্তিশালী। ঐ সকল মোটরের সাহায্যে বড়২ আকাশযানের ২৪ ঘণ্টায় আটলাণ্টিক মহাসাগর পার হইয়া যাইতে পারিবে। ইতিমধ্যে ৫০০ আকাশযান ইউরোপ রণক্ষেত্রে প্রেরিত হইয়াছে। সম্প্রতি সপ্তাহে ৮০ খানি করিয়া আকাশযান পাঠান হইতেছে।

## প্রধান মন্ত্রীর ঘোষণা,—যুদ্ধ চালাও।

—০—

প্রধান মন্ত্রী মিষ্টার লয়েড জর্জ্জ ব্রিটিশ সাম্রাজ্যে নিম্নলিখিত ঘোষণাপত্র প্রেরণ করিয়াছেন:—

"ইংলণ্ডের যুদ্ধে যোগদানের চতুর্থ বাৎসরিক উৎসবকালে আমি ব্রিটিশ সাম্রাজ্যের প্রজাবৃন্দকে বলিতে চাহি, 'যুদ্ধ চালাও।' আমরা কোন স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে যুদ্ধে নামি নাই। যে সমস্ত দেশ শত্রুদের পাশবিক আক্রমণে বিধ্বস্ত যে সমস্ত দেশের স্বাধীনতা শত্রুরা জোর করিয়া কাড়িয়া লইয়াছে সেই সমস্ত দেশকে শত্রু কবল হইতে উদ্ধার করিবার জন্যই আমরা যুদ্ধে নামিয়াছি। এই যুদ্ধে যোগদান করিয়া আমরা বুঝাইয়া দিতে চাহি, যে যতই কেন শক্তিশালী হউক না কেন এমন কোন রাজ্য নাই যে অন্যায়ভাবে নিজেদের যুদ্ধলিপ্সা পরিতৃপ্ত করিবে অথচ অন্যান্য স্বাধীন জাতির হস্তে অতি সত্বর ভীষণ শাস্তি পাইবে না। এই জন্য যুদ্ধে জয়ী হওয়া ছাড়া আর পথ নাই—কেননা এখন সন্ধি করিলে ভবিষ্যতে মানবজাতির অনিষ্ট করা হইবে। তাই আমি বলিতেছি 'যুদ্ধ চালাও' কারণ আজ আমাদের সম্মুখে জয়ের আশা যেরূপ উজ্জ্বল পূর্ব্বে তেমন ছিল না। ছয়মাস পূর্ব্বে জর্ম্মাণীর শাসক সম্প্রদায় মতলব করিয়া মিত্রশক্তির ন্যায্য সন্ধি প্রস্তাব অগ্রাহ্য করিয়াছে। অবশেষে ধর্ম্মের মুখোস খুলিয়া ফেলিয়া তাহারা রুষ সম্রাজ্যকে বিভাগ করিয়াছে, রুমেনিয়াকে দাসত্বশৃঙ্খলে আবদ্ধ করিয়াছে এবং মিত্রশক্তিকে প্রাণপণ বলে আক্রমণ করিয়া ইউরোপে একাধিপত্য স্থাপন করিবার চেষ্টা করিয়াছে। মিত্রশক্তির সৈন্যমণ্ডলীর বীরত্বে এটা প্রমাণিত হইয়া গিয়াছে যে, শত্রুরা সমগ্র পৃথিবী জয় করিবার যে স্বপ্ন বাস্তবে পরিণত করিবার জন্য যদিচ্ছাভাবে যুদ্ধ চালাইয়া আসিতেছে. সে স্বপ্ন তাহারা কখনও বাস্তবে পরিণত করিতে পারিবে না। কিন্তু যুদ্ধে এখনও আমরা সম্পূর্ণ জয়লাভ করিতে পারি নাই। যথেচ্ছাচারী জর্ম্মান গবর্ণমেণ্ট নানারূপ অত্যাচার ও দুর্নীতির সাহায্যে এই পরাজয়ের গ্লানি দূর করিবার চেষ্টা করিবে এবং তাহাদের এই যুদ্ধ প্রবৃত্তিকে একটা নূতন আকার দিবে। আমাদের সন্তান সন্ততিরা যে পরে এই জর্ম্মান জাতির দ্বারা উৎপীড়িত হইবে, আর আমরা এখন সেই অত্যাচারের ভয়ে যুদ্ধে বিরত হইব, ইহা কখনও হইতে পারে না। যখন একাজে হাত দিয়াছি তখন শেষ অবধি দেখিব; যতদিন না ন্যায্য ও পাকাপাকি সন্ধি স্থাপিত হয় ততদিন আমরা যুদ্ধ করিয়া যাইব। পৃথিবীতে আর না কোন যুদ্ধবিগ্রহ হয় তাহা করিতে হইলে যুদ্ধ চালাইয়া যাওয়া ভিন্ন আর কোন পথ নাই। তাই বলিতেছি যুদ্ধ চালাও।"


## জবাকুসুম তৈল

গুণে অদ্বিতীয় গন্ধে অতুলনীয়।

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বর্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্ত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থানচ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।

৩ শিশি ২।০ ভিঃ পিতে ২॥৶০

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও তজ্জন্য স্বপ্নবিকারাদি উপসর্গ ত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বর্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৶০

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাকে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব্য ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ টাকা ভিঃ পিতে ১৷৴

## অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইলে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিস্কৃতি পাইবার জন্য দেশ দেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৶০

সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড।

ব্যবস্থাপক ও চিকিৎসক—

শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ

২৯ নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।


## কর্ম্মখালি।

—০—

লালগোলা রাজ ষ্টেটের জন্য জমিদারী কার্য্যে অভিজ্ঞ বহুদর্শী দুইজন মোহরের আবশ্যক। মাসিক বেতন যথাক্রমে ২০৲ ও ও ১৫৲ টাকা মাত্র। বাসস্থান দেওয়া যাইবে। ব্রাহ্মণের দরখাস্ত অগ্রগণ্য হইবে। স্ব স্ব প্রশংসাপত্রসহ রাজা বাহাদুর লালগোলা, জেলা মুর্শিদাবাদ, এই ঠিকানায় আগামী ৩০শে ভাদ্র তারিখের মধ্যে দরখাস্ত করিতে হইবে। ইতি ৮ই ভাদ্র ১৩২৫ সাল।

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ১ ;
চরক সংহিতা।

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য
শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক। ১৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন
করুন।
কবিরাজ—মণিশঙ্কর
গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

| | |
|---|---|
| ১—দীর্ঘায়ু<br>২—স্বাস্থ্য<br>৩—শক্তি | এই তিনটী জিনিস<br>লাভ করিবার প্রকৃত উপায়— |

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

## অতি সস্তার

কুহকে মজিয়া স্বাস্থ্য ও অর্থ নষ্ট করিবার পূর্ব্বে আমাদের বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় ঔষধ ব্যবহার করুন। শ্বাস কাসের মহৌষধ চ্যবনপ্রাশ /১ সের ৬৲ সাধারণ মকরধ্বজ ১ ভরি ৮৲ হিন্দুলোত্থ পারদযোগে প্রস্তুত মকরধ্বজ ১ ভরি ১৬৲ ধাতুদৌর্ব্বল্য অগ্নিমান্দ্য ও সুতিকায় "জীবনীয় রসায়ন" ইহা অল্পমেধা ছাত্র, প্রসুতি ও দুর্ব্বলের একমাত্র সহায়। মূল্য ২০ মাত্রা ১ শিশি ১৲ হাঁপানীর "বাসারিষ্ট ও কনকাসব" ১ মাত্রা সেবনেই হাঁপ কষ্ট কমিবে। মূল্য ১ শিশি ৸০ ও ॥০ আনা। প্রদরের অশোকারিষ্ট, ক্ষয় ও কাসের দ্রাক্ষারিষ্ট, বাতরক্ত, কুষ্ঠ, উপদংশ ও সকলপ্রকার রক্ত দুষ্টির অনন্তারিষ্ট ১ বোতল ১॥০ প্রমেহের চন্দনারিষ্ট ও চন্দনাদি চূর্ণ ২ দিনেই জ্বালা যন্ত্রণা ও পূয নির্গমন কমিবে। একত্রে ১৪ দিন সেবনোপযোগী ২৲ অগ্নিমান্দ্যে ভাস্কর লবণ /০ ছটাক ॥৵০ অগ্নিমান্দ্যে গঙ্গাধরী পাচক ১ কৌটা ১৫ বটী ।০ ইহা অগ্নিবর্দ্ধক অরুচি নাশক। কোষ্ঠ বদ্ধে গঙ্গাধরী রেচক বা দ্রাক্ষাদি ১ কৌটা ৯ বটী ।/০ ইহাতে আমবাত, কোমরের বাথা, পুরাতন জ্বর, গুল্ম ও শূল প্রভৃতি আরোগ্য হয়। রাত্রে শয়নের পূর্ব্বে সেবনে সকালে কোষ্ঠ শুদ্ধি হয়। দন্ত মঞ্জন ১ কৌটা ৶০। দাদের মলম ১ কৌটা ।০ আনা। অন্যান্য ঔষধ ও জারিত ধাতু দ্রব্য সুবিধা হয়। পরীক্ষা প্রার্থনীয়। পাইকার ও ছাত্রদিগকে সুবিধায় দেওয়া হয়।

সুপ্রসিদ্ধ কবিরাজ রাজেন্দ্রনারায়ণ সেন মহাশয়ের ভাগিনেয়
ও ছাত্র আয়ুর্ব্বেদীয় পরীক্ষায় সর্ব্বোচ্চ পদকপ্রাপ্ত
**কবিরাজ শ্রীবিভূতিভূষণ গুপ্ত কবিরঞ্জন, গয়া।**




## সুরমা ও সুকেশ।

সুকেশ না হইলে রমণী সুরমা হইতে পারে না। বস্তুতঃ কেশই কামিনী গণের প্রধান সৌন্দর্য্য। নিখুঁৎ সুন্দরীকেও কেশের অভাবে বড় কদর্য্য দেখায়। অতএব কেশের শ্রীবৃদ্ধি জন্য সকলেরই চেষ্টা করা উচিত। উপায় থাকিতে তাহাতে উপেক্ষা করিতেছেন কেন? শুনেন নাই কি?—আমাদের "সুরমা" তৈল কেশের সৌন্দর্য্য বাড়াইতে অদ্বিতীয়! "সুরমা" ব্যবহারে অতিশীঘ্র কেশ ঘন দীর্ঘ কাল ও কুঞ্চিত হয়। ইহা পরীক্ষিত সত্য। সন্দেহ করিবেন না, শুধু ইহাই নহে,—"সুরমা" মাথা ঠাণ্ডা রাখে, মাথাধরা, মাথাঘোরা, মাথাজ্বালা, অনিদ্রা প্রভৃতি যন্ত্রণারও সত্বর উপশম করে। কোন ঔষধে যে টাক ভাল করিতে পারেন নাই, একবার সুরমা ব্যবহার না করিয়া, তাহাতেও হতাশ হইবেন না। বিশ্বাস রাখিবেন—সুরমার সদ্‌গন্ধ—জগতে অতুলনীয়। বড় এক শিশির মূল্য ৸০ বার আনা মাত্র, মাশুলাদি ।৶০ সাত আনা। একত্র বড় তিন শিশির মূল্য ২৲ দুই টাকা, মাশুলাদি ৸৵০ তের আনা। ৵০ দুই আনার টিকিট পাঠাইয়া নমুনা লউন।

## জ্বরাশনি।

"জ্বরাশনি" জ্বরের অমোঘ বজ্রস্বরূপ। নূতন, পুরাতন, জীর্ণ বিষম, যেমনই জ্বর হউক, তিন, চারি দিন মাত্র জ্বরাশনি সেবন করিলেই তাহা নিশ্চয় বন্ধ হইয়া যায়। অথচ কুইনাইন আটকান জ্বরের মত সে জ্বর বারংবার ঘুরিয়া ফিরিয়া আক্রমণ করে না। "কুইনাইন ব্যতীত ম্যালেরিয়ার ঔষধ নাই" যাঁহারা মনে করেন, তাঁহাদিগকে একবার এই জ্বরাশনি সেবন করিতে অনুরোধ করিতেছি। কম্পজ্বর, পালাজ্বর, পাক্ষিক জ্বর, যকৃৎপ্লীহাদি উপদ্রব সংযুক্ত জ্বর প্রভৃতি ম্যালেরিয়ার যে কোন অবস্থায় এই ঔষধ সেবন করিয়া দেখুন—ইহা কেমন সহজে ও স্বল্প দিনে দেহ রোগমুক্ত করিয়া, সুস্থ সবল করিয়া দিবে। পেটেন্ট ঔষধ খাইয়া খাইয়া যাঁহারা তিক্ত-বিরক্ত হইয়াছেন, তাঁহারাও একবার এই ঔষধ না খাইয়া হতাশ হইবেন না। ইহার একশিশির মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ।৶০ সাত আনা।

## প্রমেহরোগের জ্বালা যন্ত্রণা

সবই দূরে যাইবে। স্রাব, স্ফীত, প্রদাহ, মূত্রত্যাগকালে বিজাতীয় যাতনা প্রভৃতি সবই প্রশমিত হইবে। আপনি নিঃশঙ্কচিত্তে আমাদের "গণোকিল" ব্যবহার করুন। অসংখ্য রোগী ইহার সহায়তায় গোপনে রোগমুক্ত হইয়া আমাদের ধন্যবাদ দিয়াছেন। কেন আপনি বৃথা রোগকষ্ট ভোগ করেন? রোগের অবস্থা লিখিয়া আমাদিগকে জানাইবেন। অর্ডার পাইলেই আমরা "গণোকিল" পাঠাইয়া দিব। এক শিশির মূল্য ১॥০ দেড় টাকা মাশুলাদি ।৶০ সাত আনা।

এস, পি, সেন এণ্ড কোম্পানীর
### স্বদেশ গৌরব এসেন্স।

**চামেলী।**—চামেলীর সৌরভ বড় স্নিগ্ধ—বড় মধুর।

**সাবিত্রী।**—সাবিত্রী, সাবিত্রী-চরিত্রের মতই পরম পবিত্র ও স্পৃহনীয় পদার্থ।

**মল্লিকা।**—বেলা-যুথিকাদির সহিত মল্লিকা চিরদিনই একাসন অধিকার করে

**চম্পক।**—চাঁপার তীব্রতা কেমন উজ্জ্বল-মধুরে পরিণত হইয়াছে, তাহা দেখিবার জিনিষ!

**বেলা।**—অবসন্ন গ্রীষ্মবেলায় 'বেলার' গন্ধ যেন স্বর্গসুখ আনিয়া দেয়।

**যূথিকা।**—আমাদের ঘরের যুথিকাই বিলাতী সাজে 'জেস্‌মিন্' হইয়া উঠিয়াছে।

**কামিনী।**—যামিনীর জ্যোৎস্না কামিনীর সৌরভে মধুরতর হইয়া উঠে।

**মস্ক্‌জেসমিন।**—মিলিত নামই ইহার মিলনের মধুরতা প্রকাশ করিতেছে।

প্রত্যেক পুষ্পসার বড় এক শিশি ১৲ এক টাকা। মাঝারি ৸০ বার আনা। ছোট ॥০ আট আনা। মাশুলাদি ।/০ পাঁচ আনা।

**মিল্ক্ অব্ রোজ।**—ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে [illegible]র কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।/০ পাঁচ আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**এস, পি, সেন এণ্ড কোম্পানী,**
ম্যানুফ্যাক্‌চারিং কেমিষ্টস্,
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মুল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে
জঙ্গিপুর সাহেব বাজার (মুর্শিদাবাদ